## DELHI PUBLIC SCHOOL, DURGAPUR
## QUESTION BANK & REVISION SHEET FOR FINAL TERM (2017-18)
## BENGALI (2ND LANG.) CLASS-VII

# LITERATURE

## দীনদান

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। আপনায় স্থাপিয়াছ, জগতের দেবতারে নহে।

২। মোর ঘরে ভিত্তি চিরন্তন / সত্য, শান্তি, দয়া, প্রেম।

৩। চলি গেলা সেই ক্ষণে পথপ্রান্তে তরুতলে দীন-সাথে দীনের আশ্রয়।

৪। স্বর্ণ আর দর্পের বুদবুদ।

**প্রশ্নোত্তর -**

১। **"ভক্তবৎসলের তুমি যেথায় পাঠালে নির্বাসনে / সেইখানে মহারাজ, নির্বাসিত কর ভক্তজনে।"-**
বক্তা কে ? ভক্তবৎসল কাকে বলা হয়েছে ? তাঁকে কীভাবে নির্বাসনে পাঠানো হয়েছে ? ভক্তজন কে ? বক্তা এখানে নির্বাসন প্রার্থনা করেছেন কেন ?

২। **"রে ভন্ড পামর, মোর রাজ্য ত্যাগ করে / এ মুহূর্তে চলি যাও।"**
কার উক্তি ? ভন্ড পামর কাকে বলা হয়েছে ? তাঁকে চলে যেতে বলার কারণ কী ?

৩। **"আপনায় স্থাপিয়াছ, জগতের দেবতারে নহে।"**
কে কাকে একথা বলেছে ? কে নিজেকে কোথায় স্থাপন করেছে ? জগতের দেবতার সেখানে স্থান হয়নি কেন ?

৪। **"শুনি রাজা ক্ষোভ ভরে সিংহাসনে হতে নামি গেলা চলি।"**
কার কথা শুনে রাজা ক্ষুব্ধ হয়েছিলেন ? রাজার ক্ষোভের কারণ কি ? তিনি সিংহাসন থেকে নেমে কোথায় গিয়েছিলেন ?

## কালকেতু ও ফুল্লরার উপাখ্যান

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন -**

১। কালকেতু ও ফুল্লরা কিভাবে সংসার চালাত ?
২। দরিদ্র দম্পতির উপর কোন দেবীর অনুকম্পা হয়েছিল ?
৩। ফুল্লরা কি দেখে বিস্ময়ে হতবাক হয়ে যায় ?
৪। কালকেতু কাকে রাজ্য থেকে তাড়িয়ে দিয়েছিল ?
৫। দেবী ব্যাধ দম্পতিকে আশীর্বাদ করে কি দিয়েছিলেন ?
৬। ফুল্লরা কেমন ধরণের মহিলা ছিলেন ?
৭। কালকেতুর অপমানের প্রতিশোধ নেওয়ার জন্য ভাঁড়ুদত্ত কি করেছিলেন ?
৮। সুন্দরী বালিকাটি তাঁর স্বামীর সম্বন্ধে কি বলেছিলেন ?

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। কালকেতু স্বীয় রাজ্যে প্রত্যাগমন করিল।

২। ফুল্লরার কথায় কালকেতু বিষম ধাঁধায় পড়িয়া গেল।

**প্রশ্নোত্তর :-**

১। **"পরণে বসন-ভাতি, অবলাজনের জাতি / রক্ষা পায় অনেক যতনে।"**
উদ্ধৃতাংশটি কোন কাহিনীর অন্তর্গত ? অংশটুকুর বক্তা কে ? সে কেন একথা বলেছিল ? বক্তার চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনা কর ?

২। **"ফুল্লরার কথায় কালকেতু বিষম ধাঁধায় পড়িয়া গেল।"**
ফুল্লরা কে ? কালকেতু কে ? তার ধাঁধায় পড়ার কারণ কী ? এরপর সে কী করল ?

৩। **"এই দরিদ্র দম্পতির উপর মঙ্গল চন্ডী দেবীর অনুকম্পা হইলে.......।"**
দরিদ্র দম্পতি বলতে কাদের কথা বলা হয়েছে ? তাদের কিভাবে জীবন চলত ? দেবী চন্ডী কি মনস্থির করেছিলেন ?

৪। **"এই দৃশ্য দেখিয়া বিস্ময়ে হতবাক হইয়া গেল।"**
কোন দৃশ্যের কথা বলা হয়েছে ? কে বিস্মৃত হয়েছিল ? তারপর সে কি করেছিল ?

৫। **"তরুণী তাহাতে ভিজিল না দেখিয়া ফুল্লরা অন্যপথ ধরিল।"**
ফুল্লরা কে ? তরুণীর পরিচয় দাও। কোন কথায় তরুণীর মন ভেজেনি ?

৬। **"এত কথাতেও দেবী মৌন রহিয়াছেন দেখিয়া কালকেতু ক্রুদ্ধ হইয়া তার প্রতি শরসন্ধান করিল।"**
কালকেতুর পরিচয় দাও। দেবীর পরিচয় দাও। কোন কথাতে দেবী মৌন হয়েছিলেন ? তারপর দেবী কী করেছিলেন ?

৭। **"নিজেদের রাজ্য হইতে তাড়াইয়া দিল।"**
কে কাকে রাজ্য থেকে তাড়িয়ে দিয়েছিল ? কেন তাড়িয়ে দিয়েছিল ? এই তাড়িয়ে দেওয়ার ফল কী হয়েছিল ?

৮। **"দেবীর দৃষ্টিপাতে কালকেতুর হাত স্তব্ধ হইয়া গেল।"**
কোন দেবীর কথা বলা হয়েছে ? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে এরূপ হয়েছিল ?

## কন্যা শরৎ

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। শিউলিগুলি খোঁপায় পরে / সাঁজের প্রদীপ নেয় জ্বেলে। ভোর-আঁধারে চুলটি খুলে / আবার সে সব দেয় ফেলে।

২। সাদা মেঘের গামছা ভাসে / আকাশ-দিঘির ডুব-জলে।

**প্রশ্নোত্তর -**

১। **"লক্ষ্মীপুজোর পূর্ণিমাতে / আলপনা দেয় আপন হাতে।"**
লক্ষ্মীপুজোর পূর্ণিমার কথা কবি কেন উল্লেখ করেছেন ? সেই রাতে কে আল্পনা দেয় ?

২। **"মাটির পরে লুটোয় যে তার / বারাণসীর সেই চেলি।"**
কার লেখা কোন কবিতার অংশ ? কোন প্রসঙ্গে কবি একথা বলেছেন ? আলোচ্য অংশটির তাৎপর্য উল্লেখ কর।

৩। **"আঁচল-খুঁটে রিংটি ভরা / কৃষ্ণকলির লাখ চাবি!"**
কবি এই কবিতায় কোন কোন ফুলের কথা উল্লেখ করেছেন ? ফুলগুলি কি কি অলংকার হিসাবে ব্যবহার করা হয়েছে ? আলোচ্য অংশটির তাৎপর্য উল্লেখ কর।

## মহাপ্রস্থান

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন -**

১। যুধিষ্ঠিরের স্বর্গারোহণের সময় কে তাঁর সর্বক্ষণের সাথী ছিল ?
২। যুধিষ্ঠিরের অনুগামী কুকুরটি কে ছিল ?
৩। দ্রৌপদী কে ছিলেন ?
৪। 'কুকুরের স্বর্গলোকে স্থান নাই' - উক্তিটি কার ?
৫। 'আপনার জন্মে বসুধাতল ধন্য হইয়াছে'- কার উক্তি ?
৬। যুধিষ্ঠিরের সিংহাসনে আরোহণের কত বছর পর শ্রীকৃষ্ণের মর্তধাম পরিত্যাগের খবর আসে ?
৭। তুষারাবৃত পথে চলতে গিয়ে কে প্রথমে পড়ে গেলেন ?
৮। রাজা পান্ডুর জ্যেষ্ঠ পুত্রের নাম কি ?
৯। মহাপ্রস্থানের পথে কে কে গিয়েছিলেন ?
১০। যমের বাহন কে ?

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। আমরা শ্রীকৃষ্ণের সহিত দেখা করিতে যাইতেছি।
২। আপনিই কেবল সশরীরে স্বর্গ গমনের অধিকারি।
৩। আপনি সেই পরীক্ষায় উত্তীর্ন হইয়াছেন।

**প্রশ্নোত্তর -**

১। **"আর কেন, আমদেরও যাইবার সময় উপস্থিত হইয়াছে।'**
বক্তা কে ? কাদের কোথায় যাবার সময় উপস্থিত ? এরূপ কথা ভাবার কারণ কী ?

২। **"ইন্দ্র এই কথা শুনিয়া চমকিত হইয়া কহিলেন।'**
ইন্দ্র কে ? তিনি কেন চমকিত হলেন ? চমকিত হয়ে তিনি কী বললেন ?

৩। **"তাঁহারা নিস্তব্ধভাবে তুষারাবৃত পথে চলিতে লাগিলেন।'**
কারা কোথায় চলেছেন ? কেন তারা এভাবে পথ চলতে লাগলেন ? তখন কী ঘটনা ঘটেছিল ?

৪। **"চলো চলো অগ্রসর হও।'**
কে কাকে এ কথা বলেছেন ? কখন এ কথা বলেছে ? তারা কোথায় কেন অগ্রসর হচ্ছিল ?

৫। **"সাক্ষাৎ ধর্মরাজ যম সেখানে বর্তমান।'**
ধর্মরাজের পরিচয় দাও। তিনি কখন কোথায় বর্তমান হলেন ?

৬। **"আমি ইহাতে সম্মত আছি।'**
কে কাকে একথা বলেছে ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে ? তিনি কিসে সম্মত ছিলেন ?

## লালু

**অতি সংক্ষিপ্ত প্রশ্ন**

১। গোপাল খুড়োর জীবনের ব্রত কি ছিল ?
২। বিষ্টু ভট্টাচার্য কি করতেন ?
৩। শ্মশানে পৌঁছে কি বিপত্তি দেখা গিয়েছিল ?
৪। শ্মশান কত দূর ছিল ?
৫। লালু কোন কাজে বাইরে যেত ?
৬। বিষ্টু ভট্টাচার্যের স্ত্রী কিসে মারা যান ?
৭। 'ও বেটারা ওইরকম' - কাদের সম্পর্কে কে এই উক্তিটি করেছেন ?
৮। 'তোর ভারি বুদ্ধি যা করছিস কর।' কে কার সম্পর্কে এই উক্তি করেছেন ?

**সপ্রসঙ্গ ব্যাখ্যা -**

১। এর চেয়ে পুণ্য কর্ম আর সংসারে নেই।
২। নিজেদের নির্বুদ্ধিতায় লজ্জা পেয়ে সবাই ফিরে এলাম।

**প্রশ্নোত্তর -**

১। **"সবাই চমকে উঠলাম।"**
সবাই কারা ? চমকে ওঠার কারণ কি ?

২। **"ঘন্টা খানেক পর একে একে সবাই ফিরে এলাম।"**
কারা ফিরে এল ? তারা স্থান ত্যাগ করেছিল কেন ? ইতিমধ্যে সেখানে আর কি এসে পৌঁছেছে ? কাদের তখনও দেখা যায়নি ?

৩। **"ওরে আজ রাত্রিটা একটু সতর্ক থাকিস, ডাকলে যেন সাড়া পাই।"**
কথাগুলি কে কাদের বলেছিল ? বক্তা তাদের সতর্ক থাকতে বলেছেন কেন ?

৪। **"বিষ্টু পন্ডিতের পরিবারটা বুঝি রক্ষে পেল না।"**
বিষ্টুপন্ডিত কে তার পরিচয় দাও ? কে কাদের একথা বলেছিল ? তারপর তারা কি করেছিল ?

৫। **"লক্ষণ ভালো ঠেকছে না রে।"**
কে কাদের উদ্দেশ্যে একথা বলেছে ? কখন বলেছে ? কিসের লক্ষণের কথা বলা হয়েছে ?

৬। **"আমি লালু ফিরে আয়।"**
লালু কাদের ফিরে আসতে বলেছিল ? তারা কোথায় এবং কেন পালিয়ে যাচ্ছিল ? লালুর ডাকে ফিরে এসে তারা কি করেছিল ?

৭। **"আমরা সবাই মারলাম উর্ধ্বশ্বাসে দৌড়।"**
আমরা বলতে কারা ? কেন তারা দৌড় মেরেছিল ? তারপর কি হয়েছিল ?

৮। **"সেই সম্পর্কে উনি আমাদের মা।"**
বক্তা কে ? কে কার সম্পর্কে মা ছিলেন ? বক্তা কোন প্রসঙ্গে কথাটি বলেছেন ?

৯। **"এরপরে মণি আর কথা কইতে পারল না।"**
মণি কে ? কার কোন কথা বলার পর সে কথা কইতে পারেনি ?

## মাস্টার মহাশয়

**প্রশ্নোত্তর -**

১। **"মহা বিপন্নভাবে হারাধন মাস্টার সকলকে কি বলিতে চেষ্টা করিলেন।"**
কোন গল্পের অংশ ? হারান মাস্টারকে কে বিপন্ন পরিস্থিতির সামনে দাঁড় করিয়েছিল ? ঘটনাটি কি ঘটেছিল সংক্ষেপে লেখ।

২। **"দীর্ঘনিশ্বাস জড়িত স্বরে রামচরণ উত্তর করিল, নন্দীপুর থেকে।"**
রামচরণের দীর্ঘনিশ্বাস ফেলার কারণ কি ? আসল কারণটি বলার আগে রামচরণ কি করেছিল ? শেষ পর্যন্ত সে গ্রামবাসীর কাছে কি তথ্য বিশ্লেষণ করেছিল ?

৩। **"বিচারের দিন স্থির হইল।"-**
কবে, কখন, কোথায় বিচারের দিন স্থির হয়েছিল ? কাদের বিচারের কথা এখানে বলা হয়েছে ? কেন তাদের বিচারের প্রয়োজন হয়েছিল ?

৪। **"উভয় গ্রামই স্ব স্ব মাস্টারের অসাধারণ পান্ডিত্য সম্বন্ধে সন্ধিহান হইয়া উঠিলেন।"-**
কোন কোন গ্রামের কথা এখানে বলা হয়েছে ? তাদের গ্রামের মাস্টারদের নাম কি ছিল ? তারা কত টাকা বেতন পেত ? কেন তারা গ্রামের মাস্টারদের পান্ডিত্য সম্পর্কে সন্ধিহান হয়ে উঠল ?

৫। **"শ্রবণমাত্র নন্দীপুরের সকলের মুখ একেবারে পাংশুবর্ণ ধারণ করিল।"-**
কার লেখা কোন গল্প থেকে উদ্ধৃতাংশটি গৃহীত ? কি শুনে নন্দীপুরের সকলের মুখ পাংশুবর্ণ ধারণ করে ? তারপর কি হয়েছিল ?

৬। **"হীরু দত্তের প্রতিজ্ঞা অনুসারে পরদিনই ইস্কুল খুলিল।"**
হীরু দত্ত কে ? তিনি কি প্রতিজ্ঞা করেছিলেন ? কতগুলি ছাত্র নিয়ে স্কুল শুরু হয়েছিল ? তাদের জন্য হীরু দত্ত মহাশয় কি কি এনেছিলেন ?

৭। **"মাস্টার মহাশয়ের মুখে এইরূপ কথাবার্তা শুনিয়া লোকে একেবারে মোহিত হইয়া গেল।"**
মাস্টার মহাশয় বলতে কার কথা বলা হয়েছে ? তার পরিচয় দাও। লোকে কি শুনে মোহিত হয়েছিল ?

৮। **"পূজান্তে গোঁসাইগঞ্জ একটা কথা শুনিয়া বড় উদ্বিগ্ন হইয়া উঠিল।"**
কোন পূজার কথা এখানে বলা হয়েছে ? গোঁসাইগঞ্জ কি কথা শুনে উদ্বিগ্ন হয়ে পড়েছিল ? গোঁসাইগঞ্জের মাস্টার মশাইয়ের নাম কি ?

## লোহার বিস্কুট

**প্রশ্নোত্তর -**

১। **"দেখতে দেখতে পুলিশ এসে বাড়ি ঘিরে ফেলল।"**
কার লেখা কোন গল্পের অংশ ? পুলিশ কেন বাড়ি ঘিরে ফেলেছিল ? পরবর্তী ঘটনা কি ঘটেছিল ?

২। **"সে বিস্ফোরিত চোখে চেয়ে আস্তে আস্তে থলিটি নামিয়ে ক্ষিপ্রবেগে পকেটে হাত দিল-"**
সে বলতে কার কথা বলা হয়েছে ? পকেটে কি উদ্দেশ্যে সে হাত দিয়েছিল ? উদ্দেশ্য সফল হয়েছিল কি ? তার সাথে কি ঘটেছিল ?

৩। **"শেষে কি খাল কেটে কুমীর আনব।"-**
এই প্রবাদ প্রবচনটির প্রকৃত অর্থ কি ? কে কাকে একথা বলেছেন ? কোন প্রসঙ্গে কেন বলেছেন ?

৪। **"কমলবাবু বললেন, আমি পাড়াতেই থাকি, হিন্দুস্তান পার্কের কিনারায়।"-**
কমলবাবু কে ? তিনি কি সমস্যায় পড়েছিলেন ? তিনি ব্যোমকেশের কাছে কি কারণে এসেছিলেন ?

৫। **"এখন আমার বরাত আর আপনাদের হাত যশ"**
বক্তা কে ? তিনি কাকে কথাগুলি বলেছেন ? কখন তিনি কথাগুলো বলেছিলেন ? এ কথা বলার আসল কারণ কি ছিল ?

## WRITING
## (অনুচ্ছেদ লিখন)

১। ইন্টারনেটের সুফল ও কুফল
২। একটি বৃষ্টিভেজা দুপুর
৩। হঠাৎ ছুটির আনন্দ
৪। বইমেলা
৫। একটি বনভোজনের অভিজ্ঞতা
৬। একটি ঝড়ের রাত
৭। ছাত্রজীবনে সংবাদ পত্রের ভূমিকা
৮। তোমার জীবনে মায়ের অথবা বাবার ভূমিকা।
৯। তোমার প্রিয় সাহিত্যিক
১০। বিজ্ঞানের অপব্যবহার

### পত্র লিখন (ব্যক্তিগত পত্র)

১। গ্রামের দুর্গাপুজো ও শহরের দুর্গাপুজো পার্থক্য করে বন্ধুকে একটি পত্র লেখ।
২। সংবাদ পত্র পাঠের প্রয়োজনীয়তার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৩। খেলাধুলার উপযোগীতা জানিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখ।
৪। একটি ভিড় বাসের অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।
৫। স্কুল থেকে শিক্ষামূলক ভ্রমণে নিয়ে যাওয়া হচ্ছে, বাবার কাছে অনুমতি চেয়ে একখানি পত্র লেখ।
৬। বন্ধুর দিদির বিয়ের নিমন্ত্রণ রক্ষা করতে না পারায় দুঃখ প্রকাশ করে তাকে একটি চিঠি লেখ।
৭। বর্তমানে অটোর দৌরাত্ম যেভাবে বেড়েছে তা নিয়ে তোমার একটি তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়ে কাকুকে চিঠি লেখ।
৮। তুমি আন্তঃবিদ্যালয় (Inter School) বিতর্ক প্রতিযোগীতায় প্রথম হয়েছ। তোমার এই নতুন উপলব্ধির কথা জানিয়ে প্রিয় বন্ধুকে পত্র লেখ।
৯। তোমার বন্ধু ব্যাডমিনটন প্রতিযোগীতায় প্রথম হয়েছে। তাকে অভিনন্দন জানিয়ে একটি পত্র লেখ।
১০। তোমার দেখা একটি মেলার অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার বিদেশে থাকা পত্রমিতাকে একটি পত্র লেখ।
১১। তোমার সামনেই বার্ষিক পরীক্ষা (Annual Exam), পরীক্ষার প্রস্তুতি কেমন হয়েছে তা জানিয়ে বাবাকে পত্র লেখ।
১২। ঠান্ডা পানীয় এবং চটজলদি খাবার খাওয়া নিষেধ করে হস্টেলে থাকা ভাইকে একটি পত্র লেখ।
১৩। ছোটো বোনকে বই পড়ার অভ্যাস সম্বন্ধে দিদির পত্র।

## GRAMMAR
## বাক্য পরিবর্তন

১। উদ্যোগী ও পরিশ্রমী মানুষেরাই জীবনে সফল হন। (জটিল বাক্যে)
২। অবসরপ্রাপ্ত বৃদ্ধেরা প্রতিদিন প্রাতর্ভ্রমণে বেরোন। (জটিল বাক্যে)
৩। প্রবল স্রোতে নৌকাটি দিকভ্রষ্ট হয়ে পড়ল। (জটিল ও যৌগিক বাক্যে)
৪। যে ছেলেমেয়েরা পড়াশোনা করে তারা ভালোভাবেই পরীক্ষায় উত্তীর্ণ হয়। (সরল বাক্যে)
৫। লোহা গুরু দ্রব্য তাই জলে ডুবে। (জটিল ও যৌগিক বাক্যে)
৬। আম ভূমিতে পড়ে, কিন্তু মেঘ বায়ুতে ভাসে। (সরল বাক্যে)
৭। যদি না কাটা হয় তবে সমস্ত গ্রামের ধান হেজে যাবে। (সরল বাক্যে)
৮। তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না। (সরল বাক্যে)
৯। প্রকৃতির রাজত্বে অনিয়মের অস্তিত্ব নেই। (যৌগিক বাক্যে)
১০। ঈশ্বরচন্দ্র দুইবেলা সকলের রন্ধনাদি কার্য করিতেন। (যৌগিক বাক্যে)
১১। ভাগ্য আমাদের সেই চেষ্টা দেখিয়া অট্টহাস্য করিতেছে। (জটিল বাক্যে)
১২। তুমি যে কথা বললে তা ঠিক। (সরল বাক্যে)
১৩। ইলিশের মরশুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণা হইয়া যায়। (যৌগিক বাক্যে)
১৪। সে কালো হলেও সুপুরুষ। (যৌগিক বাক্যে)
১৫। চেনাও শক্ত, ধরাও শক্ত। (সরল বাক্যে)
১৬। প্রতি রাত্রে যত মাছ ধরা হয় তার অর্ধেক ভাগ ধনঞ্জয়ের। (সরল বাক্যে)
১৭। গফুর লজ্জিত হইয়া বলিল। (যৌগিক বাক্যে)
১৮। আমি বিস্মিত হইয়া ভাবিতাম। (যৌগিক বাক্যে)
১৯। কিন্তু নব্যযাত্রী অবস্থা বুঝিতে পারিয়া বৃদ্ধকে সবিশেষে বলিলেন। (যৌগিক বাক্যে)
২০। বাহিরে আসিয়া দেখিলেন যে প্রায় প্রভাত হইয়াছে। (যৌগিক বাক্যে)

### সমার্থক শব্দ

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | চোখ - | ২। | কান - | ৩। | শরীর - | ৪। | চুল - | ৫। | আগুন |
| ৬। | পৃথিবী - | ৭। | আলো - | ৮। | বিদ্যুৎ - | ৯। | গৃহ - | ১০। | বন্ধু - |
| ১১। | সরস্বতী - | ১২। | মৌমাছি - | ১৩। | শিক্ষক - | ১৪। | মাথা - | ১৫। | মুখ - |
| ১৬। | দাঁত - | ১৭। | পা - | ১৮। | পেট - | ১৯। | হাত - | ২০। | ঘাড় - |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২১। | জল - | ২২। | সূর্য - | ২৩। | চন্দ্র - | ২৪। | নদী - | ২৫। | বাতাস - |
| ২৬। | পাহাড় - | ২৭। | মেঘ - | ২৮। | সমুদ্র - | ২৯। | আলো - | ৩০। | রাত্রি - |
| ৩১। | দিন - | ৩২। | ফুল - | ৩৩। | গাছ - | ৩৪। | পাখি - | ৩৫। | মাতা - |
| ৩৬। | লক্ষ্মী - | ৩৭। | ঈশ্বর - | ৩৮। | মৌমাছি - | ৩৯। | হাতি - | ৪০। | গোরু - |
| ৪১। | মাছ - | ৪২। | ঘোড়া - | ৪৩। | রাস্তা - | ৪৪। | বস্ত্র - | ৪৫। | ছাত্র - |

## এককথায় প্রকাশ

১। অদিতির পুত্র
২। অল্প জলে আংশিক স্নান
৩। অনুসন্ধান করার ইচ্ছা
৪। অধ্যয়ণের বিরতি
৫। অশ্বরাখার স্থান
৬। অনুকরণ করা যায় না এমন
৭। অন্য উপায় নেই যার
৮। অন্য নামে
৯। অর্থহীন উক্তি
১০ আবক্ষ জলে নেমে স্নান
১১। পুরুষের উদ্দাম নৃত্য
১২। বিষ্ণুর গদা
১৩। পুরোহিতের বৃত্তি
১৪। পুরুষের কর্ণভূষণ
১৫। ব্যাকরণ জানেন যিনি
১৬। যে নারীর বিবাহ হয়নি
১৭। নিন্দার অযোগ্য
১৮। দান করার ইচ্ছা
১৯। দান করতে ইচ্ছুক
২০। দানের যোগ্য
২১। দেখবার ইচ্ছা
২২। থানার শাখা
২৩। চৈত্র মাসের ফসল
২৪। তরল অথচ গাঢ়
২৫। পতি পুত্র হীনা নারী
২৬। পুষ্পের মধু
২৭। বপন করা হয়েছে যা
২৮। শিষ্যের শিষ্য
২৯। শোক দূর হয়েছে যার
৩০। সুদে টাকা খাটানো
৩১। সত্য অথচ প্রিয় বাক্য
৩২। সংসারে বিরাগ
৩৩। পিষ্ট দ্রব্যের গন্ধ
৩৪। ঋণ গ্রহণ করেন যিনি
৩৫। ঋণ দান করেন যিনি
৩৬। ঋণ গ্রস্থ অবস্থা
৩৭। ঋষির দ্বারা উক্ত
৩৮। উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধন
৩৯। দিনের শেষভাগ
৪০। দিনের মধ্যভাগ
৪১। দিবসের প্রথম ভাগ
৪২। দেখার যোগ্য
৪৩। দুই তার যুক্ত বাদ্যযন্ত্র
৪৪। দুগ্ধবতী গাভী
৪৫। দ্রুপদের কন্যা
৪৬। দেহরঞ্জনের দ্রব্যাদি
৪৭। দিনের প্রথম বিক্রয়লব্ধ মূল্য
৪৮। দুই বীরের যুদ্ধ
৪৯। দার পরিগ্রহ করেছে যে
৫০। দার পরিগ্রহ করেনি যে
৫১। বহুর ভাব
৫২। যাকে আহ্বান করা হয়নি
৫৩। শিবের ধনু
৫৪। যার চক্ষুলজ্জা নেই
৫৫। যা উদিত হয়নি

## সাধু ও চলিত ভাষা

**নির্দেশমত সাধু ও চলিত ভাষায় রূপান্তরিত কর।**

১। পাখির বাসা হইতে বাচ্চা চুরি করিয়া আনিতাম আনিয়া তাহার মায়ের মত যত্নে তাহাকে পালন করিতাম। **[সাধু > চলিত]**
২। আগামীকাল থেকে শুরু হবে কাজ, আমাদের একনিষ্ঠ সাধনা ও অবিচল বিশ্বাসের দ্বারাই আমরা আমাদের ধ্যানের ভারতবর্ষকে গড়ে তুলতে চেষ্টা করব। **[চলিত > সাধু]**
৩। প্রকান্ড একটা ময়ূর মাথার উপরেই এক গাছের ডালে বসিয়া, একজন সিপাহী বন্দুক লইয়া আসিয়াছিল, সে গুলি করিতে গেল, আমি বারণ করিলাম। **[সাধু > চলিত]**
৪। নক্ষত্ররায় কে সঙ্গে লইয়া মহারাজ পদব্রজে অরণ্যের দিকে চলিলেন। **[সাধু > চলিত]**
৫। অবশেষে আমি খ্যাংড়া কাঠিটি তুলিয়া লইলাম। **[সাধু > চলিত]**
৬। বাইশ বছর আগে আমি বিজ্ঞান অধ্যাপনাকে বৃত্তি হিসাবে গ্রহণ করেছিলাম। **[চলিত > সাধু]**
৭। মনসা দেবীর বরে তাহারা জীবন লাভ করিয়া সেই স্থানে উপস্থিত হইল। (চলিত ভাষা)
৮। গান শুনতে শুনতেই দেখলাম কিছু উৎসাহী স্রোতা টেপ-রেকর্ডে গান তুলে নিচ্ছেন। (সাধু ভাষা)
৯। সে অন্য পথ দিয়া ঘুরিয়া আসিয়া এই দৃশ্য দেখিয়া বিস্ময়ে হতবাক হইয়া গেল। (চলিত ভাষা)
১০। এক-একদিন মহাভারতের যুদ্ধের কাহিনী শুনিতে শুনিতে তাহার মনে হয় যুদ্ধ জিনিসটা মহাভারতে বড়ো কম লেখা আছে। (চলিত)
১১। অনেক বেলায় সে রৌদ্রে ঘুরে রাঙা মুখে বাড়ি ফিরত। (সাধু ভাষা)
১২। ওরা বুঝতে পারল, নন্দাঘুন্টির এইটেই হল শেষ প্রতিরোধ এবং সে সহজে পথ দেবে না। (সাধু ভাষা)
১৩। একটি মানুষকেও ছেড়ে দেওয়া হল না। (সাধু ভাষা)
১৪। একদিন ভেবেছিলাম তোমার চেয়ে আমি শ্রেষ্ঠ। (সাধু ভাষা)
১৫। এ কয়দিনে দয়াময়ীর সম্মুখে বহুসংখ্যক ছাগ বলি হইয়া গিয়াছে। (চলিত ভাষা)
১৬। নদীকে জিজ্ঞাসা করিতাম, 'তুমি কোথা হইতে আসিতেছ ?' (চলিত ভাষা)
১৭। তখন তিনি মনে মনে কহিতে লাগিলেন, কেন এই অপরিচিত শিশুকে ক্রোড়ে লইবার নিমিত্ত আমার মন এমন উৎসুক হইতেছে(চলিত)
১৮। সাহস করিয়া বলিতে হইবে, যে শিক্ষা বাহিরের উপকরণ তাহা বোঝাই করিয়া আমরা বাঁচিব না। (চলিত ভাষা)
১৯। যিশু বলত, ধনীর কখনও স্বর্গরাজ্য লাভ হবে না। (সাধু ভাষা)
২০। এদের কাছে ঠাকুরের সুমুখে দিব্যি করেছি যে আমি লাঠি সড়কি আর ছোঁব না। (সাধু ভাষা)
২১। ভাগ্য আমাদের সেই চেষ্টা দেখিয়া অট্টহাস্য করিতেছে। (চলিত ভাষা)
২২। আমার কেবলই মনে হচ্ছে সূর্যাস্তের দিক থেকে সূর্যোদয়ের পথে যাত্রা করেছি। (সাধু ভাষা)

## বোধপরীক্ষণ

১। **নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর দাও :-**

অমরেশ সাতটা বাজার ঠিক দশ মিনিট পরে এসেছিল। দশ মিনিট লেট। অস্বস্তি বোধ করিলেন সেইজন্য। কোনোদিন তার দেরী হয়না। সবাই জানে অমরেশ কাঁটায় কাঁটায় ঘড়ি মিলিয়ে চলেন। আজকাল ট্রাম বাসের উপর কোনই বিশ্বাস নেই, বিদ্যুৎ বন্ধ হয়ে ট্রাম থেমে যাবে যখন তখন। সেই সুযোগে বাসগুলো জ্যাম সৃষ্টি করবে তাই তিনি হেঁটে আসেন। আজ নেহাত ঝম্ ঝম্ করে বৃষ্টি এসে গেল। শীতকালের হঠাৎ বৃষ্টি, তাই তিনি ছাতা নিয়ে বেরোননি। সুতরাং পথে এক জায়গায় দাঁড়িয়েই পরতে হল। সাতটা দশে এসেও দেখলেন বাইরের ঘরে আলো জ্বলেনি। সদর দরজা খোলা। তিনি একটু ভেতরে এসে ডাকলেন, শান্তনু, শান্তনু।

ক। অমরেশ কেন হেঁটে আসতেন ?
খ। সেদিন অমরেশের দেরী হয়েছিল কেন ?
গ। কটা বাজলেও ঘরের আলো জ্বলেনি ?
ঘ। অমরেশ কতক্ষণ লেট করেছিল ?
ঙ। 'অস্বস্তি' শব্দের বিপরীত শব্দ লেখ।

২। **নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সম্পূর্ণ বাক্যে উত্তর দাও :-**

রাধারাণী নামে এক বালিকা মাহেশে রথ দেখিতে গিয়াছিল। বালিকার বয়স একাদশ পূর্ণ হয় নাই। তাহাদিগের অবস্থা পূর্বে ভালো ছিল। বড় মানুষের মেয়ে। কিন্তু তাহার পিতা নাই; তাহার মাতার সঙ্গে একজন জ্ঞাতির একটি মোকদ্দমা হয়; সর্বস্ব লইয়া মোকদ্দমা; মোকদ্দমাটি বিধবা হারিল। সে হারিবামাত্র, ডিক্রিদার ডিক্রি জারি করিয়া ভদ্রাসন হইতে উহাদিগকে বাহির করিয়া দিল। প্রায় দশ লক্ষ টাকার সম্পত্তি। ডিক্রিদার সকলই লইল।

ক। রাধারাণীর বয়স কত ছিল ?
খ। রাধারাণী কোথায় গিয়েছিল ?
গ। রাধারাণী তার মায়ের সঙ্গে নিঃস্ব হয়ে পথে দাঁড়িয়েছিল কেন ?
ঘ। ডিক্রিদার কত টাকার সম্পত্তি পেল ?
ঙ। 'বালিকা' শব্দটির লিঙ্গ পরিবর্তন কর ।

## SYLLABUS FOR MID-TERM

| | | |
|---|---|---|
| **সাহিত্য** | : | **গদ্য :** কালকেতু ও ফুল্লরার উপাখ্যান, মহাপ্রস্থান, লালু |
| | | **পদ্য :** দীনদান, কন্যা শরৎ |
| **সহায়ক পাঠ** | : | লোহার বিস্কুট, মাস্টার মহাশয় |
| **ব্যাকরণ** | : | বাক্য পরিবর্তন (সরল, জটিল, যৌগিক), এককথায় প্রকাশ, সমার্থক শব্দ, সাধু ও চলিত |
| **নির্মিতি** | : | অনুচ্ছেদ, পত্রলিখন ও বোধপরীক্ষণ |